Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

অফিস স্মারক

অক্টোবর ২৯, ২০২৬ স্মারক নং রিক/কেন্দ্রীয়/নি.প/৯২৯-২০২৬

সংশ্লিষ্ট ঋণ কার্যক্রম-এর সকল জোন/এরিয়া/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)।

বিষয়ঃ " মোটরসাইকেল ঋণ নীতিমালার ৩.৪,৩.৫,৪.১,৪.২,৪.৩,৫.২,৫.৩,৬.২,৭.৩,৭.৪ একং ৭.৭-এর সংশোধণী" প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংস্থার কর্মরত কর্মচারীদের চাহিদা এবং বাস্তবতা বিবেচনায় সংস্থার মোটরসাইকেল ঋণ নীতিমালা ২০০৯ (সংশোধীত ০১ এপ্রিল,২০২৩)-এর উল্লেখিত ধারাসমূহ পুনঃ সংশোধন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে, যা ০১ অক্টোবর ২০২৬ থেকে কার্যকর হবে। এছাড়া অন্যান্য সকল ধারা অপরিবর্তিত থাকবে। এখানে উল্লেখ্য যে, পূর্বের মোটরসাইকেল লোন আবেদন ফর্মটি হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ ফর্ম ব্যতীত পূর্বের ফর্মে আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে।

বর্তমান সংশোধনী আপনার কর্ম এলাকার কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মচারীকে অবহিত করার জন্য বিশেষভাবে বলা হল।

আবুল কাসেম খান
নির্বাহী পরিচালক

অনুলিপি প্রেরণ করা হলোঃ-

পরিচালক/উপ পরিচালক/সহকারী পরিচালক/ঋণ কার্যক্রম/হিসাব বিভাগ/অভ্যন্তরীণ নীরিক্ষা বিভাগ/প্রয়োজনে সংশ্লিষ্ট প্রোগ্রাম/প্রকল্প ও মানব সম্পদ ও প্রশাসনিক বিভাগ।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org

Amendment of Motorcycle Loan Policy, clauses # 3.4, 3.5, 4.1, 4.2, 4.3, 5.2, 5.3, 6.2, 7.3, 7.4 & 7.7

সংস্থার মোটরসাইকেল ঋণ নীতিমালার ৩.৪, ৩.৫, ৪.১, ৪.২, ৪.৩, ৫.২. ৫.৩, ৬.২, ৭.৩. ৭.৪ একং ৭.৭-এর সংশোধণীঃ

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংস্থার কর্মরত কর্মচারীদের চাহিদা এবং বাস্তবতা বিবেচনায় সংস্থার মোটরসাইকেল ঋণ নীতিমালা ২০০৯ (সংশোধীত ০১ এপ্রিল,২০২৩)-এর উল্লেখিত ধারাসমূহ পুনঃ সংশোধন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে, যা ০১ অক্টোবর ২০২৬ থেকে কার্যকর হবে।

বর্তমান ধারা সমুহ	পরিবর্তিত ধারা সমুহ
৩ মোটরসাইকেল ঋণ পাওয়ার যোগ্যতাঃ ৩.৪ সংস্থায় কর্মরত যে সকল নিয়মিত (Regular Employee) কর্মচারী ক্ষদ্রঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় তারা প্রয়োজনানুযায়ী মোটরসাইকেল ঋণ নিতে পারবেন। তাদের ঋণ সংস্থার অন্য উৎস থেকে প্রদান করতে হবে। এ ঋণ গ্রহণকারী কর্মচারীকে অনুমোদিত ঋণের উপর বর্ষিক ৭% (সাত শতাংশ) হারে ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing Balance Method) সার্ভিস চার্জ প্রদান করতে হবে এবং সংস্থার পক্ষ থেকে মোটরসাইকেল মেরামত ও ফুয়েল ব্যয় বাবদ কোন অর্থ প্রদান করা হবেনা। এছাড়া "মোটরসাইকেল ঋণ নীতিমালা" অনুযায়ী অন্যান্য সকল শর্তাবলী প্রযোজ্য হবে।	৩. মোটরসাইকেল ঋণ পাওয়ার যোগ্যতাঃ ৩.৪ সংস্থায় কর্মরত যে সকল নিয়মিত (Regular Employee) কর্মচারী ক্ষদ্রঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় তারা প্রয়োজনানুযায়ী মোটরসাইকেল ঋণ নিতে পারবেন। তাদের ঋণ সংস্থার অন্য উৎস থেকে প্রদান করতে হবে। এ ঋণ গ্রহণকারী কর্মচারীকে অনুমোদিত ঋণের উপর বর্ষিক ৭% (সাত শতাংশ) হারে ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing Balance Method) সার্ভিস চার্জ প্রদান করতে হবে এবং সংস্থার পক্ষ থেকে মোটরসাইকেল মেরামত ও ফুয়েল ব্যয় বাবদ কোন অর্থ প্রদান করা হবেনা। এছাড়া "মোটরসাইকেল ঋণ নীতিমালা" অনুযায়ী অন্যান্য সকল শর্তাবলী প্রযোজ্য হবে।
৩.৫ যে সকল নিয়মিত (CORE/Regular Employee) কর্মচারী মাঠ পর্যায়ের ক্ষদ্রঋণ কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত তাদের অনুমোদিত ঋণের উপর বার্ষিক ৫% (পাঁচ শতাংশ) হারে ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing Balance Method) সার্ভিস চার্জ প্রদান করতে হবে।	৩.৪ যে সকল কর্মচারীগণ ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত তাদের অনুমোদিত ঋণের উপর বার্ষিক ৫% হারে হারে ক্রমহ্রাসমান পদ্ধতিতে সার্ভিস চার্জ প্রদান করতে হবে।
৪. ঋণ-এর সর্ব্বোচ্চ পরিমাণঃ ৪.১. জোন এবং এরিয়ার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য ঋণের সর্ব্বোচ্চ সীমা হবে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত,	৪. ঋণ-এর সর্ব্বোচ্চ পরিমাণঃ ৪.১.জোনের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের মটর সাইকেলের সিসি হবে ১৫০ এবং ঋণের সর্বোচ্চ সীমা হবে ২,৩০,০০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার) টাকা ৪.২ এরিয়ার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মটর সাইকেলের সিসি হবে ১২৫ এবং ঋণের সর্বোচ্চ সীমা হবে ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার) টাকা।
৪.২. শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য ঋণের সর্ব্বোচ্চ সীমা হবে ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা পর্যন্ত,	৪.২ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মটর সাইকেলের সিসি হবে ১২৫ এবং ঋণের সর্বোচ্চ সীমা হবে ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার) টাকা।
৪.৩. সংস্থার বর্তমান বেতন কাঠামো অনুযায়ী সহকারী শাখা ব্যবস্থাপক- হিসাব (বর্তমান পদ শাখা হিসাবরক্ষণ কর্মকর্তা) ও ঋণ কর্মকর্তাগণের ঋণের সর্ব্বোচ্চ সীমা হবে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা পর্যন্ত।	৪.৩. শখা হিসাবরক্ষণ কর্মকর্তা এবং ঋণ কর্মকর্তা মটর সাইকেলের সিসি হবে সর্বোচ্চ ১১০ এবং ঋণের সর্বোচ্চ সীমা হবে ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা। ঋণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অন্যান্য পদের কর্মচারীদের মটর সাইকেল এর সিসি ও সর্বোচ্চ ঋণ সীমা আবেদনকারীর আবেদন বিবেচনায় কর্তৃপক্ষ নির্ধারন করবেন।
৫. ঋণ প্রদান প্রক্রিয়াঃ ৫.২. মোটরসাইকেল ক্রয়ের জন্য ঋণ গ্রহীতা তার পছন্দমত মোটরসাইকেল ক্রয় করতে পারবে। সংস্থা কর্তৃক সরবরাহকারী প্রতিষ্ঠান (Vendor) কে মোটরসাইকেল মূল্য একাউন্ট পেয়ি চেক (A/C Payee) এর মাধ্যমে পরিশোধ করা হবে।	৫. ঋণ প্রদান প্রক্রিয়াঃ ৫.২ অনুমোদিত মটর সাইকেল ঋণের চেক ঋণ গ্রহনকারী কর্মচারীকে প্রদান করা হবে। তবে ক্রয় কমিটিকে স্বশরীরে উপস্থিত থেকে মোটরসাইকেল ক্রয়, মোটরসাইকেল সংস্থার নামে রেজিষ্টেশন, শাখায় ঋণ হিসাবভুক্ত করন এবং রেজিষ্টেশন সহ অন্যান্য ডকুমেন্ট শাখায় সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

Abul Haseeb Khan
Executive Director
Resource Integration Centre (RIC)

Mahbubur Rahman
President
Resource Integration Centre (RIC)

বর্তমান ধারা সমুহ	পরিবর্তিত ধারা সমুহ
৫.৩ সংস্থার সাথে ঋণ গ্রহণকারী কর্মচারী মোটরসাইকেল-এর মোট মূল্যের সমপরিমাণ অর্থ সহ ঋণ চুক্তি সম্পাদিত হবে।	৫.৩ মোটরসাইকেলের ক্রয় মূল্য ও রেজিষ্ট্রেশন ফি যুক্ত করে মোট মূল্য নির্ধারন পূর্বক কর্মচারীর সাথে সংস্থার ঋণ চুক্তি সম্পাদিত হবে।
৬. মোটরসাইকেল ফুয়েল, মেরামত, রক্ষণাবেক্ষণ ও নিবন্ধন ব্যয়-এর যাবতীয় খরচ সংক্রান্তঃ ৬.২ মোটরসাইকেলটি সংস্থার নামে নিবন্ধিত হবে বিধায় নিবন্ধন ব্যয় প্রথম পক্ষ অর্থাৎ সংস্থা বহন করবে।	৬. মোটরসাইকেল ফুয়েল, মেরামত, রক্ষণাবেক্ষণ ও নিবন্ধন ব্যয়-এর যাবতীয় খরচ সংক্রান্তঃ ৬.২ নিবন্ধন ব্যয় যেহেতু মটর সাইকেল ক্রয় মূল্যের সাথে যুক্ত করে ঋণ প্রদান করা হবে। সেহেতু নিবন্ধন ব্যয় দ্বিতীয় পক্ষ অথাৎ ঋণ গ্রহনকারী বহন করবেন। তবে ঋণ পরিশোধ হওয়া সাপেক্ষে মালিকানা হস্তান্তরের ব্যয় প্রথম পক্ষ অর্থাৎ সংস্থা বহন করবে।
৭. ঋণ-এর শর্তাবলীঃ ৭.৩ মোটরসাইকেলের ক্রয়মূল্য এবং প্রযোজ্য আয়কর ও ভ্যাট যুক্ত করে ঋণের পরিমাণ নির্ধারিত হবে। ঋণ অনুমোদনের পর কেন্দ্রীয় কার্যালয় হতে ঋণের টাকা প্রদান করা হবে। ৭.৪ নিবন্ধনের অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ঋণ গ্রহীতাকে নিবন্ধনের জন্য অর্থ জমা করে নিবন্ধন রশিদ কেন্দ্রীয় কার্যালয় প্রেরণ করতে হবে এবং অনুমোদনের পর নিবন্ধন ব্যয়ের টাকা ঋণ গ্রহীতাকে প্রদান করা হবে।	৭. ঋণ-এর শর্তাবলীঃ ৭.৩, সংস্থার পরিচালক/পরিচালকের মনোনীত ব্যক্তি কর্তৃক ঋণ অনুমোদনের পর সংশ্লিষ্ট ব্রাঞ্চ কার্যালয় হতে ঋনের টাকা প্রদান করা হবে।
৭.৭ মোটরসাইকেল ক্রয়ের ক্ষেত্রে ঋণ গ্রহনকারীর সুপারভাইজারকে (প্রযোজ্য ক্ষেত্রে) সাথে নিয়ে মোটরসাইকেল ক্রয় করতে হবে।	৭.৭ মোটরসাইকেল ক্রয়ের ক্ষেত্রে ব্রাঞ্চের ক্রয় কমিটি মোটরসাইকেল ক্রয় ও রেজিষ্ট্রেশন করার বিষয়টি নিশ্চিত করবেন। এক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে ক্রয় কমিটির প্রধান দায়ী থাকবেন।

আবুল হাসিব খান
নির্বাহী পরিচালক ও সদস্য সচিব-রিক কার্যনির্বাহী পরিষদ

মাহবুবুর রহমান
সভাপতি রিক কার্যনির্বাহী পরিষদ